দৈনিক সংবাদ

তারিখ 18 JAN 1986
পৃষ্ঠা ... 3 ... [redacted] 4 ...

.OO 61

# উপাচার্যের পদত্যাগ প্রসঙ্গে আচার্যের সচিবালয়ের ব্যাখ্যা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক এম, শামসুল হকের পদত্যাগ সম্পর্কে আচার্যের সচিবালয় গত বৃহস্পতিবার এক ব্যাখ্যায় বলে:

প্রাক্তন উপাচার্য ডঃ মোহাম্মদ শামসুল হক বিগত ৮ই জানুয়ারী চ্যান্সেলরের সচিবকে সম্বোধন করে লিখিত পত্রে এবং পরে চ্যান্সেলর মহোদয়ের বরাবরে পেশকৃত তাঁর পদত্যাগপত্রে ৩০শে ডিসেম্বর, ১৯৮৫ তারিখে সংঘটিত ঘটনা, সহ-উপাচার্য ও উপাচার্যের অফিস ও উপাচার্যের বাসস্থান তছনছ ও পরবর্তীতে বিশ্ববিদ্যালয় অংগনে বোমাবাজির ঘটনার উল্লেখ করে এর ফলে তাঁর দৈহিক ও মানসিক অবসন্নজনিত কারণে তাঁর পক্ষে উপাচার্যের দায়িত্ব পালনে অপারগতার কথা উল্লেখ করে তাঁকে উক্ত পদের দায়িত্ব থেকে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ জানান। পদত্যাগের বিকল্প হিসেবে কোন সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের নিকট তিনি কোন দাবী অথবা পরামর্শ অথবা প্রস্তাব উত্থাপন করেননি। উপাচার্যের দায়িত্ব থেকে তাকে অব্যাহতি প্রদানের অনুরোধ ছিল একান্তই তার ব্যক্তিগত সিদ্ধান্ত। অতএব তাঁর নিজস্ব অনুরোধ অনুযায়ীই তাঁকে উপাচার্যের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়। খবর তথ্য বিবরণীর।